



আয়োজনে

বাংলাদেশ বিজ্ঞান একাডেমী

www.bas.org.bd

বিজ্ঞান অলিম্পিয়াড-২০২২

তারিখ: ২১ই জানুয়ারী, ২০২২ইং

কেন্দ্র

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

www.iiuc.ac.bd



প্রতি

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বিষয়: বিজ্ঞান অলিম্পিয়াড-২০২২ এ আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

আস্ সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবাবারাকাতুহু।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী আগামী ২১ শে জানুয়ারী, ২০২২ইং তারিখে দেশব্যাপী বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ আয়োজন করতে যাচ্ছে। চট্টগ্রাম বিভাগের প্রতিযোগী ছাত্র/ছাত্রীবৃন্দ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুন্ড কেন্দ্রে অংশগ্রহণ করতে পারবে।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পোষ্টার ও রেজিস্ট্রেশন ফরম এতদসঙ্গে প্রেরিত হল। প্রত্যেক ছাত্রের/ছাত্রীর জন্য একটি রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে পূরণ করে প্রতি শাখায় (এস.এস.সি. ও এইচ.এস.সি. শাখা) ৫ জনের (মেধার ভিত্তিতে সিরিয়াল নাম্বার উল্লেখ করে) একটি করে মোট দুইটি টিমের নাম এবং একজন শিক্ষক প্রতিনিধির নাম আগামী ০৯ই জানুয়ারী, ২০২২ ইং দুপুর ০১ টার মধ্যে জমা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রথম ৫০০ জন আবেদনকারীকে প্রতিযোগিতায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে।

উক্ত কেন্দ্রে যে সকল ছাত্র/ছাত্রী ভাল ফলাফল করবে, তাদের মধ্য থেকে প্রতি শাখায় (এস.এস.সি. ও এইচ.এস.সি. শাখা) প্রথম ৫ জনকে বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর পক্ষ থেকে সম্মাননা পদক প্রদান করা হবে। অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে থেকে মেধা অনুসারে ২৫ জন প্রতিযোগী কার্জন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মনোনয়ন পাবে এবং প্রতি প্রতিযোগী ছাত্র/ছাত্রীকে বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করা হবে।

ফরম জমা দেওয়ার ঠিকানা	উক্ত অনুষ্ঠানের সময়সূচী ও কর্ম-পরিকল্পনা নিম্নরূপ
মিরাকল পয়েন্ট (কম্পিউটার সার্ভিস) আমান সেন্টার, কেয়ারী ভবনের বিপরীতে ১৫৪/এ, কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম। মোবাইল নং: ০১৭৭-৫৯৪৩২৬৯	স্থান : আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুন্ড চকবাজার, আগ্রাবাদ, মিরসরাই, বহদ্দারহাট বাস টার্মিনাল এ রিপোর্টিং : সকাল ৭:০০ টা বাস যাত্রা শুরু : সকাল ৭:৩০ টা সকালের নাস্তা বিতরণ : সকাল ৮:০০ টা কুমিরা ক্যাম্পাসে রিপোর্টিং : সকাল ৮:৩০ টা টি শার্ট বিতরণ : সকাল ৮:৩০-৯:০০ টা উদ্বোধন : সকাল ৯:০০ টা পরীক্ষা : সকাল ১০:০০টা-১১.৩০ টা মধ্যাহ্ন ভোজ ও নামাযের বিরতি : দুপুর ১২:০০ টা - দুপুর ০২:০০ টা ভিডিও শো ও প্রশ্নোত্তর পর্ব : দুপুর ০২:০০ টা-দুপুর ০২:৩০ টা পুরস্কার বিতরণী, ফটো সেশন ও : দুপুর ০২:৩০ টা-দুপুর ০৩:৩০ টা সমাপনী অনুষ্ঠান বাস যাত্রা (কুমিরা হতে শহরের উদ্দেশ্যে) : বিকাল ০৩:৪০ টা
অথবা শফিক উদ্দিন হায়দার ল্যাব টেকনিশিয়ান কম্পিউটার ল্যাব -১ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম। মোবাইল নং: ০১৮১-৪৪৮২০১৭	
ইসলামী বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দের সাথে যোগাযোগ করতে কল করুন: ০১৭৪৪৬৫৬১৩২, ০১৮১২৪২৭৮৪৪, ০১৫১৬১১৫৯০৯, ০১৬৭৪৬১৩৭২২	

আপনার স্বনামধন্য প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ এ অলিম্পিয়াডে অংশ গ্রহন করবে বলে আমরা দৃঢ়ভাবে প্রত্যাশা করছি। এ লক্ষ্যে আপনার সক্রিয় সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. মো: দেলাওয়ার হোসেন)

সমন্বয়ক, বিজ্ঞান অলিম্পিয়াড-২০২২ইং।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

মোবাইল নং ০১৮১৭-২০৮১৪৩

www.iiuc.ac.bd/science-olympiad-2022